

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

## প্রেস বিজ্ঞপ্তি

মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর উপস্থিতিতে  
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জ্বালানী ইউরেনিয়াম আমদানির লক্ষ্যে রাশিয়ান কোম্পানী  
ইভিইএল এর সঙ্গে প্রাথমিক পর্যায়ের চুক্তি স্বাক্ষর করেছে সরকার।

ঢাকা, ৩১ জানুয়ারি ২০১৯;

আজ সচিবালয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশের পক্ষে পরমাণু শক্তি কমিশনের সদস্য পরিকল্পনা ও উন্নয়ন ডঃ ইমতিয়াজ কামাল এবং রাশিয়ার পক্ষে রোসাটমের ওভাসেসের ভাইস প্রেসিডেন্ট নিকিতার মাজেইন (NI KI TA MAZEI N) জ্বালানী ইউরেনিয়াম আমদানির লক্ষ্যে প্রাথমিক পর্যায়ের চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন, রাশিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ডঃ এস, এম, সাইফুল হকসহ মন্ত্রণালয় ও রাশিয়ান ফেডারেশনের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মন্ত্রী, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের জন্য রাশিয়া থেকে ইউরেনিয়াম জ্বালানী আনার যে কার্যক্রম তা নির্ধারিত সময়ের মধ্যেই শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

  
(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ) / 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: [pro@most.gov.bd](mailto:pro@most.gov.bd)

[royv047@gmail.com](mailto:royv047@gmail.com)